



সভাপতি মোঃ আবুবকর সিদ্দিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ ২২-০৯-২০২০, মঙ্গলবার
সভার সময় ১২.০০
স্থান সভা কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট -ক কর্মকর্তাদের উপস্থিতি

২০২০ - ২০২১ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন, অগ্রগতি ও মূল্যায়ন এবং ১ম ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই হতে সেপ্টেম্বর ২০২০) প্রণয়নের বিষয় নৈতিকতা কমিটির আহ্বায়ক ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব আবুবকর সিদ্দিক (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিবকে আহ্বান জানান। সভায় সদস্য-সচিব ২০২০ - ২০২১ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১৩টি সূচকের কার্যক্রম সমূহের মধ্যে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন বিষয়সমূহ উপস্থাপন করেন। বিষয়াদি আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	কার্যসমূহ	বাস্তবায়ন সম্পর্কিত তথ্য	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	০৯-০৬-২০ ২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন।	০৯-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে প্রয়োজনীয় সংশোধন না থাকায় তা অনুমোদন ও দৃষ্টিভঙ্গির বিষয় সভায় সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	০৯-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদন ও দৃষ্টিভঙ্গি করা হয়।	নৈতিকতা কমিটি
২।	২০২০ -২০২১ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তা/কর্ম চারীদের দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন	২০২০ -২০২১ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা ও শাখা পর্যায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয় দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।	সকল পর্যায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	লাইবেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান) ও সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)

